

অর্ধবার্ষিক পরীক্ষাপূর্ব প্রভুতিমূলক বিশেষ অনুশীলন- ১

একাদশ শ্রেণি

বিষয় কোড: ২৭৭

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (সৃজনশীল)

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১। জনাব আলম তার তিন বন্ধু মিলে কুড়িগ্রামে একটি ব্যবসায় স্থাপন করেন। এলাকার বেশিরভাগ লোকই দারিদ্রপিড়িত। এই প্রতিষ্ঠানের অন্যতম উদ্দেশ্য হল কোনো সামাজিক, নৈতিক ও পরিবেশগত উদ্দেশ্য বাস্তবায়ন করা। চার বন্ধুর অক্লান্ত পরিশ্রমের ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক সাফল্য লাভ করে প্রচুর মুনাফা অর্জন করেছে। ব্যবসায়ের অর্জিত মুনাফা থেকে সদস্যদের বিনিয়োগকৃত অর্থ ফেরত দেওয়া এবং অবশিষ্ট মুনাফা প্রতিষ্ঠানের উন্নয়নে ব্যয় করা হয়। ফলে প্রতিষ্ঠানের কর্মীরা আনন্দমুখর পরিবেশের মধ্য দিয়ে কাজ করে যাচ্ছে।

- (ক) প্রত্যক্ষ সেবা কী? ১
- (খ) বাণিজ্য কিভাবে ব্যবসায়ের ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে? ২
- (গ) জনাব আলমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি কোন ধরনের? বর্ণনা কর। ৩
- (ঘ) তুমি কি মনে কর আলমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি দেশের দারিদ্রতা দূরীকরণে অবদান রাখতে সক্ষম? যুক্তিসহ বর্ণনা কর। ৪

২। জিদান গাজীপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে পাঁচ একর জমি কিনে বাণিজ্যিক ভিত্তিতে পেয়ারার বাগান করেন। অঞ্চলটি পেয়ারা চাষের জন্য খুবই উপযোগী। তার বাগানের পেয়ারা ঢাকার পাইকাররা এসে কিনে নিয়ে যায়। তিনি লক্ষ্য করলেন, তার বাগানের পাশে প্রচুর উঁচু জমি পতিত অবস্থায় পড়ে আছে। কিন্তু ব্যাংক, বিমা প্রভৃতি ধরনের প্রতিষ্ঠানের অনুপস্থিতির কারণে এসব জমির লাভজনক ব্যবহারের জন্য কেউ আগ্রহ দেখাচ্ছে না।

- (ক) ব্যবসায়ের বাহ্যিক পরিবেশ কী? ১
- (খ) ব্যবসায়িক মূল্যবোধ কোন পরিবেশের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২
- (গ) উদ্দীপকে জিদানের গাজীপুরে পেয়ারা বাগান স্থাপনে কোন পরিবেশ প্রভাব বিস্তার করেছে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৩
- (ঘ) যে পরিবেশের অভাবে ওমরের বাগানের পাশের জমি অব্যবহৃত রয়েছে উদ্দীপকে আলোকে তা বিশ্লেষণ কর। ৪